

# বি এস এন এল এমপ্লয়িজ ইউনিয়ন

## পশ্চিমবঙ্গ শাখা

সাকুলার নং ৩১

তারিখ: ১০.১০.২০১১

### শাখা সম্পাদক/বিভাগীয় সম্পাদকদের অবগতির জন্য


প্রিয় কমরেডস,

প্রথমেই শুভ বিজয়ার আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা জানাই। শারদোৎসবের দিনগুলিতে আমরা ভুলিনি আমাদের উপর যে বি.এস.এন.এল কতৃপক্ষের আক্রমণের বিশেষত: VRS- এর খাঁড়া ঝুলছে। তাই JAC-এর ডাকে ১০ই অক্টোবর, ১১ আমরা প্রস্তুতি গ্রহন করছিলাম ভারতব্যাপী বি.এস.এন.এল দপ্তরে ধর্মঘট করার। কিন্তু JAC কে আরও শক্তিশালী করার 'ঐ' আরও বৃহত্তর মঞ্চ প্রস্তুতির লক্ষ্যে অন্যান্য কিছু সংগঠনকে সামিল করার জন্য ১০ই অক্টোবরের ধর্মঘট স্থগিত রেখে নভেম্বরের প্রথম সপ্তাহে তা করার সিদ্ধান্ত গৃহীত হয়। সেই অনুযায়ী আমাদের প্রস্তুতি চলবে। কারণ সরকার বা ম্যানেজমেন্ট মরিয়। তারা যেন তেন প্রকারে এক লক্ষ কর্মীকে ভি.আর.এস দিতে বন্ধপরিষ্কার। তাই একে প্রতিহত করতে আমাদেরও সর্বশক্তি দিয়ে ঐক্যবদ্ধভাবে লড়াইয়ে নামতে হবে। তাই প্রস্তুতিতে টিলেমী দিলে চলবে না। এটা শুধু এক লক্ষ কর্মী সংকোচনের প্রশ্ন নয়, আগামীদিনে বি.এস.এন.এল-এর অস্তিত্বের প্রশ্ন। ম্যানেজমেন্টের পক্ষ থেকে কর্মীদের মধ্যে মোহ সৃষ্টি করা হচ্ছে। অত্যন্ত সচেতনতার সাথে তা কাটিয়ে উঠে VRS বিরোধী তথা অস্তিত্ব রক্ষার সংগ্রামে নিজেকে যুক্ত করতে হবে।

এছাড়াও সি.এইচ.কিউ থেকে কিছু জ্ঞাতব্য তথ্য পাওয়া গেছে এবং সার্কেল ইউনিয়নের বক্তব্য ও করণীয় কাজ আপনাদের অবগতির জন্য নীচে দেওয়া হল।

- ১) টিটিএ পরীক্ষার ক্ষেত্রে সি.এইচ.কিউ ম্যানেজমেন্টের কাছে দাবী জানিয়েছে যারা ১০+২ নয় তাদের স্ক্রীনিং টেষ্ট দেওয়ার ব্যবস্থা করে টিটিএ পরীক্ষায় বসার সুযোগ দিতে হবে। প:ব: সার্কেলে এই পরীক্ষা নভেম্বরে হবে।
- ২) NEPP র ক্ষেত্রে NE-12 পে স্কেল অবিলম্বে চালু করার জন্য সি.এইচ.কিউ চিঠির মাধ্যমে CMDকে ব্যক্তিগত ভাবে হস্তক্ষেপ করার জন্য দাবী জানিয়েছে। ইতিমধ্যে NEPP সংক্রান্ত কিছু নতুন নির্দেশিকা বার হয়েছে, ফলে কিছু সংখ্যক RM, TM, TTA এই আর্থিক সুবিধা পাবেন।
- ৩) দিল্লীতে বি.এস.এন.এল.ইউ-এর নিজস্ব বাড়ী কেনার প্রস্তুতি শেষ পর্যায়ে। বাড়ী রেজিস্ট্রি হবে আগামী সপ্তাহে। কিন্তু বহু টাকা এখনো সদস্যদের কাছে বকেয়া আছে। সি.এইচ.কিউ থেকে চাপ আসছে। এছাড়া পশ্চিমবঙ্গের বি.এস.এন.এল.ইউ-র সদস্য হিসাবে উন্নত চেতনার মানসিকতার যে গর্ব আছে আমাদের, তাতে পশ্চিমবঙ্গের কোটা পূরণ করতে না পারা আমাদের দুর্বলতা এবং ব্যর্থতা, তাই সার্কেল ইউনিয়নের আহ্বান-অবিলম্বে যে সমস্ত সদস্যদের বিল্ডিং ফান্ডে টাকা দেওয়া বাকী আছে তা মিটিয়ে দিন। এ বিষয়ে অন্তত: আরও ২লক্ষ টাকা জমা দেবার নির্দেশ দিয়েছে কেন্দ্রীয় ইউনিয়ন। কিভাবে এ টাকা দেওয়া যায় তা অবশ্যই আলোচনা করে জানান। প্রয়োজনে ফান্ড থেকে এই টাকা দেবার প্রস্তাব বিবেচনা করতে হবে। মনে রাখতে হবে টাকা ধার করে যে বিল্ডিং কেনা হচ্ছে তা পরিশোধ করার দায়িত্ব আমাদেরই।
- ৪) যে সমস্ত শাখা বা ডিস্ট্রিক্ট ইউনিয়নের সম্মেলন বকেয়া হয়েছে, নভেম্বরের মধ্যে অতি অবশ্যই সেরে ফেলতে হবে। ডিসেম্বর-জানুয়ারী মাসে বিভাগীয় সম্মেলনগুলি অনুষ্ঠিত করার জন্য যোগাযোগ করনামনে রাখতে হবে আগামী ফেব্রুয়ারী মাসের শেষ সপ্তাহে বাঁকুড়াতে এই সম্মেলন অনুষ্ঠিত হবে।
- ৫) ভয়ঙ্কর ভূমিকম্প দার্জিলিং ও সিকিমের বিশাল অঞ্চলের মানুষ বিপর্যস্ত। সাথে সাথে আমাদের কর্মচারীরাও ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত। প্রাকৃতিক বিপর্যয়ে যেভাবে আমরা বিগত দিনে কর্মচারীদের পাশে দাঁড়িয়েছি এবারও সেভাবে দাঁড়াবো। তাই সিদ্ধান্ত হয়েছে আর্থিকভাবে যাতে কিছু সাহায্য করতে পারি সেই বিষয়ে দ্রুত সিদ্ধান্ত নিয়ে প্রাদেশিক ইউনিয়নকে জমা দিতে হবে।
- ৬) পেনশন রক্ষার সংগ্রামকে জোরদার করতে আগামী ২৫শে নভেম্বর, ১১ সংসদ অভিযানে প্রত্যেক ডিস্ট্রিক্ট থেকে একজনকে অবশ্যই অংশগ্রহন করতে হবে। সঙ্গে একজন AIBDPA -র প্রতিনিধি সঙ্গে নিতে হবে। অবিলম্বে ট্রেনের টিকিট কাটার ব্যবস্থা করুন।

অভিনন্দন সহ,

  
অনিমেষ মিত্র  
প্রাদেশিক সম্পাদক